

উপজেলা পরিষদ  
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং- ২৬৬

তারিখঃ ০৯.০২.২০২২ খ্রিঃ।

নোটিশ

আগামী ১৪.০২.২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নেত্রকোণা সদর, উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সম্মানিত সদস্যকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

- ০১। আইন-শৃংখলা বিষয়ক আলোচনা।
- ০২। বিবিধ।

প্রাপকঃ .....  
.....  
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৩  
৯/২/২২

অফিসার ইনচার্জ  
নেত্রকোণা মডেল থানা  
ও

সদস্য সচিব  
আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি  
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

নেত্রকোণা সদর, উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা ।  
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ ।  
সভার তারিখ : ১৪.০২.২০২২ খ্রিঃ ।  
সময় : ১১.০০ ঘটিকা ।  
সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর হাজিরা খাতায় সংরক্ষিত ।


সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভা পরিচালনার জন্য অফিসার ইনচার্জ ও সদস্য সচিব, আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি কে অনুরোধ জানান। অফিসার ইনচার্জ প্রথমেই পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কারও কোন আপত্তি না থাকায় অনুমোদিত ও গৃহীত হয়।

অফিসার ইনচার্জ নেত্রকোণা মডেল থানা অত্র উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ে আলোচনা করেন এবং উপস্থিত সদস্যগণকে তাদের মতামত পেশ করার জন্য অনুরোধ করেন।

চেয়ারম্যান, লক্ষীগঞ্জ ইউপি জানান যে, গরু চুরি ও মাদক দ্রব্য সেবন বন্ধ করার বিষয়ে পুলিশের কঠোর পদক্ষেপ গ্রহণের জন্য অভিমত পেশ করেন। চেয়ারম্যান সাহেবের আলোচনার সাথে একমত পোষন করে অন্যান্য সদস্যগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত জানান।

অফিসার ইনচার্জ নেত্রকোণা মডেল থানা আরও জানান পুলিশ টিম রুটিন অনুযায়ী সার্বক্ষণিক টহলে আছে অপরাধ সংগঠিত হলে সাথে সাথে আমাদের জানানো হলে আমরা দ্রুত ব্যবস্থা নেব। তাই তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সকলের কাছে অনুরোধ জানান।


অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠু ও সুন্দরভাবে পালনের আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
ও  
সভাপতি  
আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি  
নেত্রকোণা সদর, নেত্রকোণা ।  
তারিখঃ ১৪.০২.২০২২ খ্রিঃ ।

স্মারক নং- ৯২

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা ।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা ।

  
অফিসার ইনচার্জ  
নেত্রকোণা মডেল থানা  
ও  
সদস্য সচিব  
আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি  
নেত্রকোণা সদর, নেত্রকোণা ।